

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৫.২০. ৪১০


তারিখ: ২৬ পৌষ ১৪২৭  
২৮ ডিসেম্বর ২০২০

অভিযোগনামা

যেহেতু আপনি জনাব মো: আবু তাহের (৫৪৯৪), প্রাক্তন উপাধ্যক্ষ (অধ্যক্ষ-ভাপরপ্রাপ্ত), উলিপুর সরকারি ডিগ্রী কলেজ, কুড়িগ্রাম বর্তমানে সহোযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান), মহীপুর হাজী মহসীন সরকারি কলেজ, জয়পুরহাট এর বিরুদ্ধে অধ্যক্ষকে দায়িত্বভার অর্পণ না করা, প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবসহ কোন কিছু বুঝিয়ে না দেওয়া এবং সরকারি আদেশ অমান্য করে বদলিকৃত কর্মস্থলে যোগদান থেকে বিরত থাকা প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। আপনার বিরুদ্ধে বর্ণিত বিধির ৪ এর (৩) উপ-বিধির আওতায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তাঁর কারণ এ বিধির ৭(১) (খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তাঁর অনুলিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব

বর্তমান কর্মস্থল:

জনাব মো: আবু তাহের (৫৪৯৪),  
সহোযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান), মহীপুর হাজী মহসীন সরকারি কলেজ, জয়পুরহাট।

স্থায়ী ঠিকানা:


জনাব মো: আবু তাহের  
গ্রাম-হোসেনপুর, ডাকঘর- মালশিরা  
উপজেলা: মাল্ডা, জেলা- কুড়িগ্রাম।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব মো: আবু তাহের (৫৪৯৪), প্রাক্তন উপাধ্যক্ষ (অধ্যক্ষ-ভাপরপ্রাপ্ত), উলিপুর সরকারি ডিগ্রী কলেজ, কুড়িগ্রাম বর্তমানে সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান), মহীপুর হাজী মহসীন সরকারি কলেজ, জয়পুরহাট এর বিরুদ্ধে অধ্যক্ষকে দায়িত্বভার অর্পণ না করা, প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবসহ কোন কিছু বুঝিয়ে না দেওয়া এবং সরকারি আদেশ অমান্য করে বদলিকৃত কর্মস্থলে যোগদান থেকে বিরত থাকা প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব